# শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি:- মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

সভার স্থান: মহিলা ভাইস চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর এর অফিস কক্ষ।

তারিখ ও সময়: ১৩.১১.২০২২ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

১. প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য সংরক্ষণাগার নির্মাণ: প্রাথমিক স্তরের বিনামূল্যের প্রায় ২৫০০০০ কপি পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য সংরক্ষণাগার নির্মাণ কাজ দ্রুত শুরু করার লক্ষ্যে অনুরোধ করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

২. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধন সহজীকরণ: প্রাথমিক স্তরের ২০২২ সালে শিক্ষার্থীর সংখ্যা ৩০৯৮০ জন, কিন্তু উপবৃত্তি সুবিধাভোগী নির্বাচনে এন্ট্রি হয়েছে ২১৬০০ জন। ৯৩৮০ জন শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন না থাকায় উপবৃত্তি সুবিধাভোগী নির্বাচনে এন্ট্রি করতে পারেনি, এতে উক্ত শিক্ষার্থীরা সরকারী সুবিধা (প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি, করোনা ভ্যাকসিন, স্টুডেন্ট প্রোফাইল প্রস্তুত) থেকে বঞ্চিত হচ্ছে। এমতবস্থায় প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা যাতে সহজে অনলাইন জন্ম নিবন্ধন করতে পারে, সেবিষয়ে সার্বিক সগযোগিতার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

৩. জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন পরীক্ষা ২০২২: প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন পরীক্ষা ২০২২ এর জন্য প্রত্যেকটি জেলা হতে একটি উপজেলার ৭/৯টি সরকারী/কেজি/বেসরকারী/....... বিদ্যালয় লটারীর মাধ্যমে নির্ধারন করা হয়, ৩য় ও ৫ম শ্রেণির বাংলা ও গণিত বিষয়ের উপর পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ৩য় পক্ষ পরীক্ষা পরিচালনা ও মূল্যায়ণ করে থাকে। মাদারীপুর জেলার শিবচর উপজেলার ৮টি সরকারী ও ১টি কেজি প্রাথমিক বিদ্যালয়কে {১) ১০৩নং পশ্চিম চরকামারকান্দি সপ্রাবি, ২) ৬২নং দত্তপাড়া সপ্রাবি, ৩) ৭৫নং বড় বাহাদুর পুর সপ্রাবি, ৪) ৩৮নং পাচ্চর সপ্রাবি, ৫) ৬৭নং আলেপুর কাজীবাড়ি সপ্রাবি, ৬) ১৯নং শোলাপুর সপ্রাবি, ৭) বাখরেরকান্দি আদর্শ কিন্ডারগার্টেন, ৮) ১৩৬নং রাজারচর উকিলকান্দি সপ্রাবি, এবং ৯) ১৩২নং গোয়ালকান্দা আব্দুল করিম সপ্রাবি} লটারীতে বাছাই করা হয়েছে, উক্ত পরীক্ষা নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত হবে। জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন পরীক্ষা প্রতি তিন বছর পরপর অনুষ্ঠিত হয়, এর মাধ্যমে বাংলাদেশে প্রাথমিক শিক্ষার অবস্থা পরিমাপ করে ফলাফলের উপর ভিত্তি করে জাতীয় পলিসি গ্রহণ করা হয়ে থাকে। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে সকলের সহযোগিতার জন্য অনুরোধকরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

মানসম্মত প্রাথমিক শিক্ষা উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফাহিমা আক্তার)
সভাপতি
শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, ও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর
তারিখ: ১৩/১১/২০২২

স্মারক নং- উশিঅ/শিবচর/স্থায়ী কমিটি/ ৫৪০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ-

১. জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় এমপি, বাংলাদেশ জাতীয় সংসদ, মাদারীপুর-১।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর ।
৪. মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৬. চেয়ারম্যান, ---------- ------------ ---------- ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর ।
৭. অফিস নথি ।

১৩/১১/২২
রফিকুল ইসলাম
সদস্য সচিব
শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, ও
উপজেলা শিক্ষা অফিসার
শিবচর, মাদারীপুর।

# শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিতির হাজিরা

সভাপতি:- মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

সভার স্থান: মহিলা ভাইস চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর এর অফিস কক্ষ।

তারিখ ও সময়: ১৩.১১.২০২২ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

| ক্র নং | উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও কর্মস্থল | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর | ক্র নং | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব ফাহিমা আক্তার, ভাইস-চেয়ারম্যান ও সভাপতি, শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি, শিবচর, মাদারীপুর। | সভাপতি | | | | |
| ২ | জনাব নুরুজ্জামান মুন্সি (জামান মুন্সি), চেয়ারম্যান, উমেদপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য | | | | |
| ৩ | জনাব আবুল কালাম চোকদার, চেয়ারম্যান, ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য | | কালাম | | |
| ৪ | জনাব আব্দুর রহমান (সাদ্দাম), চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য | | | | |
| ৫ | উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর। | সদস্য-সচিব | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

## সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৩.১১.২০২২ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় শিবচর উপজেলা পরিষদের প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর মহোদয়ের অফিস কক্ষে তাঁরই সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় সম্মানিত সদস্যগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

(রফিকুল ইসলাম)
উপজেলা শিক্ষা

অফিসার

শিবচর, মাদারীপুর।

তারিখঃ ১০/১১/২০২২

স্মারক নং ঃ উশিঅ/শিবচর/মাদারী/২০২২/ ৫৩৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ-

১. জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় এমপি, বাংলাদেশ জাতীয় সংসদ, মাদারীপুর-১।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর ।
৪. মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৬. ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর ।
৭. চেয়ারম্যান, ---------- ------------ ---------- ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর ।
৮. অফিস নথি ।

(রফিকুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার
শিবচর, মাদারীপুর।